গাংনীতে মাদক মামলার পলাতক আসামী আটক

মেহেরপুরের গাংনীতে ইমাদুল ইসলাম (৩৫) নামের এক মাদক মামলার পলাতক আসামীকে আটক করেছে ডিবি পুলিশ। বৃহস্পতিবার রাতে গাংনীর ভাটপাড়া থেকে তাকে আটক করা হয়।

আটক ইমাদুল ইসলাম একই গ্রামের তাহাজ উদ্দিন এর ছেলে। তার বিরুদ্ধে গাংনী থানায় একটি মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা আছে। যার নং – ২১।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গাংনী থেকে গোপন সংবাদের ভিত্তিতে মাদক মামলার পলাতক আসামীকে আটক করা হয়েছে।

গত ২৫ জানুয়ারি তার বাড়ি থেকে ২৫০শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছিল। এসময় সে পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে গিয়েছিল।

মেপ্র/এমএফআর

গাংনী উপজেলা ও পৌর ছাত্রদলের আহবায়ক কমিটি গঠন

মেহেরপুর জেলার গাংনী উপজেলা ও গাংনী পৌর ছাত্রদলের আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। গাংনী উপজেলা ছাত্রদলে নাজমুল খান কে আহবায়ক ও মুস্তাফিজুর রহমান কাজলকে সদস্য সচিব করে মোট ২১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

একই সাথে গাংনী পৌর ছাত্রদলে রেজানুল হক ইমন কে আহবায়ক ও তরিকুল ইসলাম কে সদস্য সচিব করে ২১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন এর বাস ভবনে আনুষ্ঠানিকভাবে এ দুইটি কমিটির অনুমোদন দেওয়া হয়।

কমিটি গঠনকালে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন, সহ সভাপতি শান্ত আহম্মেদ বিশ্বাস, সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সাংগঠনিক সম্পাদক সাইদ বিন রফিক সিজারসহ ছাত্রদলের নেতাকর্মীরা।

এ ছাড়াও একই দিনে দলীয় নেতাকর্মীদের উপস্থিতিতে দলীয় শৃঙ্খলা ভঙ্গের দায়ে জেলা ছাত্রদলের সহ সভাপতি সাজেদুর রহমান বিপ্লব কে বহিষ্কার করা হয়েছে। জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন ও সাধারণ সম্পাদক আলমগীর হোসেন সাক্ষরিত বহিষ্কার সংক্রান্ত একটি প্রেস রিলিজ দেওয়া হয়েছে।

মেপ্র/এমএফআর

কুষ্টিয়ায় শীতার্তদের মাঝে ইয়ুথ পাওয়ার কমিউনিটির শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়ায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। “মানবতার জিৎ,,,হার মানবে শীত” এ প্রতিপাদ্যকে সামনে রেখে গতকাল শহরের স্বপ্ন প্রয়াস সংগঠনের কার্যালয়ে এসব শীতবস্ত্র বিতরণ করা হয়।

ইয়ুথ পাওয়ার কমিউনিটি “একটু উষ্ণ করি” প্রকল্পের আওতায় প্রায় শতাধিক শীতার্তদের মধ্যে এসব শীতবস্ত্র বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়্যারম্যান প্রফেসর ড. মাহবুবুল আরিফিন।

শীতার্তদের পাশে উষ্ণতার পরশ বুলিয়ে দিয়ে এই সামাজিক কর্মকান্ডকে বেগবান করতে শিশু সংগঠকদের ভূয়সী প্রশংসা করে তিনি বলেন, ভালো কাজ করলেই প্রশংসা পাওয়া যায়। সমাজের উন্নয়নের জন্য কাজ করতে হবে। ছেলেবেলায় থেকে যারা ভালো কাজে অংশগ্রহণ করে তারা জীবনে অনেক দূর যেতে পারবে। মানবকল্যাণের জন্য নিজেকে বিলিয়ে দিতে হবে।

আর এজন্য এখন থেকেই ছোট ছোট ভাল কাজের সাথে সম্পৃক্ত রেখে উজ্জীবিত হয়ে সাংগঠনিকভাবে নেতৃত্ব দিতে হবে। কেননা সংগঠনের কোন বিকল্প নেই। ছোটবেলায় যারা সাংগঠনিকভাবে ভাল কাজের সাথে বেড়ে ওঠে তারা শেষ পর্যন্ত ভাল কাজের সাথে নিজেকে সম্পৃক্ত করে রাখে। ভালো কাজের সাথে সম্পৃক্ত থাকলে বড় হয়েও ভালো কাজ করা সম্ভব বলেও উল্লেখ করেন তিনি।

সম্মানিত প্রধান মেহমান হিসেবে উপস্থিত ছিলেন সম্মিলিত সামাজিক জোটের সভাপতি চেয়ারম্যান ও কুষ্টিয়া থেকে প্রকাশিত দৈনিক কুষ্টিয়া সম্পাদক ও প্রকাশক এবং ডেইলি স্টারের স্টাফ রিপোর্টার ড. আমানুর আমান।

তরুণরাই ভালো কিছু সৃষ্টি করতে পারে উল্লেখ করে ড. আমানুর আমান বলেন, তরুণরাই আগামীতে নেতৃত্ব দেবে। বলিষ্ঠ ভুমিকা পালন করবে। তাই সমাজের অনেক ভালো কাজ এই সংগঠনের মাধ্যমেই সৃষ্টি হয়। তাই এখন থেকেই ভাল কাজের সাথে তোমরা যারা সম্পৃক্ত হয়েছে তাদের কে ধন্যবাদ জানাই।

দেশ ও জাতিকে সাংগঠনিকভাবে এগিয়ে নিতে তোমাদের এমন মহত কাজ অগ্রগামী ভূমিকা পালন করবে।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইকোনমিক কুষ্টিয়ার চেয়ারম্যান সাংবাদিক এসএম জামাল, বাংলাদেশ ফেইসবুক ফ্রেন্ডস ক্লাবের সাধারণ সম্পাদক বিপুল হোসেন,স্বপ্ন প্রয়াসের সভাপতি সাদিক হাসান রহিদ, সিনিয়র সদস্য আকাশ আহমেদ, ইয়ুথ পাওয়ার কমিউনিটির সভাপতি মারজান জামান রাহি, সহ-সভাপতি শাহরিয়ার নাফিজ,সাধারণ সম্পাদক ফয়সাল আরিফিন জারিফ, যুগ্মসাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল, সংগঠনের উপদেষ্টা আসিফ মর্তবা, সদস্য আহাদ, বিপ্লব,মুবিন, জিতু, জয়া, জ্যোতি, প্রিয়া, নাজমুস সাকিব, নাফিজ, নেহা সহ সংগঠনের সকল সদস্যবৃন্দ।

দেড় মাসেও সংস্কার হয়নি বাঘা যতীনের ভাস্কর্য

কুষ্টিয়ার কুমারখালীর কয়া ইউনিয়নে কয়া মহাবিদ্যালয়ের সামনে নির্মিত বৃটিশ বিরোধী আন্দোলনের অগ্রনায়ক বিপ্লবী বীর বাঘা যতীনের ভাস্কর্য দুর্বৃত্তদের দ্বারা ভাঙচুরের এক মাস ১২ দিন অতিবাহিত হলেও এখনো পর্যন্ত ভাস্কর্যটি সংস্কার করা হয়নি। সংস্কারে বাধা আছে বলে জানালেন কলেজ কর্তৃপক্ষ।

কয়া মহাবিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি অ্যাডভোকেট নিজামুল হক চুন্নু জানান, ভাস্কর্য সংস্কারের বিষয়ে কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মজিবুর রহমানের সাথে আলাপ করা হলে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এবং আদালতের অনুমতি ব্যতিত ভাস্কর্য সংস্কার করা যাবে না বলে জানিয়েছেন। যে কারণে এখনো পর্যন্ত সংস্কার করা সম্ভব হয়নি।

এ বিষয়ে কুমারখালী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, ভাস্কর্য ভাঙচুরের ঘটনায় জড়িতদের গ্রেফতার পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে। বর্তমানে তারা আটক রয়েছেন। মামলা চলমান আদালতের অনুমতি সাপেক্ষে ভাস্কর্য সংস্কার করতে হবে।

কলেজ কর্তৃপক্ষ সংস্কারের জন্য মামলার তদন্তকারী কর্মকর্তা বরাবর দরখাস্ত দিলে আমরা আদালতের অনুমতি নেওয়ার চেষ্টা করবো।

কুমারখালী উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খান জানান, কলেজ কর্তৃপক্ষ ভাস্কর্যটি সংস্কারের জন্য থানায় আবেদন করলে আবেদনের প্রেক্ষিতে আদালতের অনুমতি সাপেক্ষে উপজেলা প্রশাসনের অর্থায়নে ভাস্কর্যটি সংস্কার করা হবে।

উল্লেখ্য, গত ১৭ ডিসেম্বর দিবাগত রাত সাড়ে ১২টার দিকে দুর্বৃত্তরা বিপ্লবী বীর বাঘা যতীনের ভাস্কর্যটি ভাঙচুর করে। এবং ১৯ ডিসেম্বর ভাস্কর্য ভাঙার মুলপরিকল্পনাকারী কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি সহ তিনজনকে গ্রেফতার করে পুলিশ।

[redacted]

[redacted]

[redacted]

পরীক্ষা- শিক্ষামন্ত্রী

মেহেরপুর জেলা প্রসাশন কতৃক আয়োজিত মুজিববর্ষ উপলক্ষে “শতঘণ্টা মুজিবচর্চা” অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত থেকে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, আগামী ফেব্রুয়ারি মাসের মাঝামাঝিতে সীমিত আকারে স্কুল খুলে দেওয়ার পরিকল্পনা করা হচ্ছে।

এজন্য সংক্ষিপ্ত সিলেবাস করা হয়েছে। এই সিলেবাসের উপর ভিত্তি করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের জন্য ক্লাস নেওয়া হবে। তবে এসএসসি পরীক্ষার্থীদের ৬০ ও এইচএসসি পরীক্ষার্থীদের ৮৪ কর্মদিবসের মধ্যে যতটুকু পড়াতে পারবো ততটুকুর উপরেই পরীক্ষা নেওয়া হবে।

গতকাল বুধবার সন্ধ্যায় যুম প্লাটফর্মে “জ্ঞান ভিত্তিক বাংলাদেশ ও জাতির পিতা” শীর্ষক আলোচনা অনুষ্ঠানে এক শিক্ষার্থীর প্রশ্নের জবাবে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী।

এছাড়াও তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশকে নিয়ে যতগুলো সপ্ন ছিল, সব সপ্নগুলোকে বাস্তবায়ন করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস কাজ করে যাচ্ছেন। শিক্ষাকে হাতিয়ার করে বঙ্গবন্ধু যে সোনার বাংলা গরতে চেয়েছিলেন সেই সোনার বাংলা গড়ার লক্ষ্যেই বর্তমান প্রধানমন্ত্রী কাজ করে যাচ্ছেন।

প্রতি বছর প্রায় ৩৫ কোটির বেশি বই বিনামূল্যে শিক্ষার্থীদের হাতে তুলে দিচ্ছেন প্রধানমন্ত্রী। দারিদ্র্য যেন শিক্ষার বাঁধা না হয় সেজন্য তিনি উপবৃত্তির ব্যবস্থা করেছেন। নারী ও কর্মমুখী শিক্ষার প্রতি জোর দিয়েছেন। সার্বজনীন শিক্ষা প্রতিষ্ঠার জন্য তিনি কাজ করছেন।

জেলা প্রসাশক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন শতঘণ্টা মুজিবচর্চা অনুষ্ঠানের মুখ্য উপদেষ্টাজন ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এ সময় উপস্থিত ছিলেন, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন, সাবেক এমপি মকবুল হোসেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম-

টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে কুষ্টিয়া জেলা আ.লীগের শ্রদ্ধা

টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের নেতারা।

গতকাল বুধবার দুপুরে কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান ও সাধারণ সম্পাদক আজগর আলীর নেতৃত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান তারা।

এছাড়া অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পরে বঙ্গবন্ধুসহ ৭৫-এর ১৫ আগস্ট তার পরিবারের নিহত সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

উল্লেখ্য, ২০১৯ সালের ০৭ ডিসেম্বর কুষ্টিয়া ইসলামিয়া কলেজ প্রাঙ্গণে ত্রিবার্ষিক সম্মেলনে সদর উদ্দীন খানকে সভাপতি ও আজগর আলীকে সাধারণ সম্পাদক করে পাঁচ সদস্যের কমিটি ঘোষণা করেন দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। দীর্ঘ এক বছর পর রোববার এ বছরের ৩ জানুয়ারি ৭৫ সদস্যের কমিটি ঘোষণা করা হয়। এর মধ্যে চারজন নারী পদ পেয়েছেন। এছাড়া আরও দু’জন নারী সদস্য হিসেবে রয়েছেন।

“স্মৃতিতে মেহেরপুর” ফেসবুক গ্রুপের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরে স্মৃতিতে মেহেরপুর ফেসবুক গ্রুপের পক্ষ থেকে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার বিকালে মেহেরপুর পৌর ঈদগাহ গেট সংলগ্ন তারেক ফুডস্ এন্ড পার্টি সেন্টারে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

স্মৃতিতে মেহেরপুর ফেসবুক গ্রুপের প্রধান এ্যাডমিন মিজানুর রহমান রিনুর নেতৃত্বে অসহায়, দুস্থ ১শ পরিবারের মাঝে এই শীত বস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, স্মৃতিতে মেহেরপুর ফেসবুক গ্রুপের এ্যাডমিন- মোঃ সুজন, ইমরান খাঁন, মোস্তফা ময়েন এবং মডেরেটর মোঃ সাইফুল ইসলাম, কামরুজ্জামান রতন, মোঃ শামীম রেজা, মোঃ সাইদ, এসএম নাইন, মোঃ সাদ্দাম হোসেন, মোল্লা, মিজানুর রহমান, তাওসিফ আহমেদ পিয়াস প্রমুখ।

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত মেয়র প্রার্থীর মোটরসাইকেল শোডাউন

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত নৌকার মেয়র প্রার্থী হাসান কাদির গনু মোটর সাইকেল শোডাউন করেছেন।

তিনি গতকাল বুধবার বিকেলে তার কর্মী সমর্থক নিয়ে কলেজ প্রাঙ্গণ থেকে এক বিরাট মোটর সাইকেল র্যালী বের করেন। র্যালীটি আলমডাঙ্গা শহর থেকে কলেজপাড়া, আনন্দধাম, সোনাপট্রি, পশুহাট, স্টেশনপাড়া,

বন্ডবিল, গোবিন্দপুর, এরশাদপুর হাইরোড়সহ বিভিন্ন এলাকা ঘুরে কলেজ প্রাঙ্গণে শেষ হয়।

র্যালী শেষে মেয়র প্রার্থী হাসান কাদির গনু বলেন, নৌকা মার্কায় আমাকে মনোনীত করায় বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিবাদন ও ধন্যবাদ।

তিনি আল্লার কাছে শুকরিয়া আদায় করে বলেন, আলমডাঙ্গা পৌরবাসি আমাকে তিনবার ভোট দিয়ে নির্বাচিত করেছে, আমি আপনাদের কাছে ঋণি। আগামী ১৪ তারিখের নির্বাচনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাকে মনোনয়ন দিয়ে নৌকা প্রতীক দিয়েছেন, আপনাদের কাছে অনুরোধ উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আপনারা নৌকা প্রতীকে ভোট দিয়ে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করবেন।

আমি আমার নেতা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপিকে সাথে নিয়ে আগামী দিনে আপনাদের সেবা করতে পারি সেই সুযোগ আমাকে দেবেন। এমপি ছেলুনের সহায়তায় সম্প্রতি পৌরসভায় ৩৩ টি রাস্তার কাজ উদ্বোধন করেছি। কাজ চলছে, ভোটের আগেই রাস্তার কাজ শেষ হবে ইনশাল্লা।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, সহ-সভাপতি হামিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আতিয়ার রহমান, আলম হোসেন, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু, পৌর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, জেলা মৎসজীবী লীগের আহবায়ক সাহাবুল হক, জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান মিজান,

উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা ছাত্রলীগ সভাপতি সালমুন আহমেদ ডন, কৃষকলীগ নেতা আশাদুল হক, যুবলীগ নেতা সাজ্জাদুল ইসলাম স্বপন, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা হাসান, বাদসা, সাকিব, রকিসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মী উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বাঁশ-বেত শিল্পীদের মাঝে কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় বিলুপ্ত প্রায় বাঁশ-বেত শিল্পীদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এই কম্বল বিতরণ করেন।

কার্পাসডাঙ্গা বাঁশ-বেত শিল্পীরা জানান, বুধবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান তাদের অজান্তে হঠাৎ তাদের মহল্লায় উপস্থিত হয়। তারা উপজেলা নির্বাহী অফিসারের গাড়ি দেখে এগিয়ে গেলে উপজেলা নির্বাহী অফিসার তাদের কম্বল দেওয়া হবে বলে জানায়।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার বাড়ী বাড়ী গিয়ে প্রত্যেক পরিবার ও তাদের আশেপাশের দুস্থ অসহায় নারীদের হতে কম্বল তুলে দেন। এই প্রথম বারের মত প্রচণ্ড শীতে কম্বল পেয়ে তারা খুব খুশি।